



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইসিটি'র মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার প্রচলন প্রকল্প (২য় পর্যায়) ১ম সংশোধিত  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ  
কক্ষ নং-১২২, শিক্ষা ভবন (১ম ব্লক), ১৬ আশুপল গণি রোড, ঢাকা-১০০০, ফোন: ৪১০৫০১০৫-০৬  
Web: www.ictedu.gov.bd, E-mail: pd-ict@dshe.gov.bd & pdict2@gmail.com




তারিখঃ ২১/০৪/২০২৪

স্মারক নং: মাউশি/আইসিটিপি-২/৮৯/২০২৪/১৫৬

বিষয়: প্রকল্পের আওতায় মাল্টিমিডিয়া শ্রেণিকক্ষ সৃজনের নিমিত্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রয়োজনীয় তথ্য প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “আইসিটি’র মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার প্রচলন প্রকল্প (২য় পর্যায়, ১ম সংশোধিত) - এর মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে পাঠদানকারী স্কুল, কলেজ, ও স্কুল এন্ড কলেজে মাল্টিমিডিয়া শ্রেণিকক্ষ সৃজন করা হবে। মাল্টিমিডিয়া শ্রেণিকক্ষ সৃজন বাবদ বরাদ্দকৃত অর্থ শিক্ষা প্রতিষ্ঠানে মঞ্জুরী সহায়তা আকারে ব্যাংক হিসাবে প্রেরণ করা হবে। প্রাপ্ত অর্থ দ্বারা শিক্ষা প্রতিষ্ঠান নিজস্ব ব্যবস্থাপনায় উপকরণ ক্রয় ও সংস্থানের মাধ্যমে মাল্টিমিডিয়া শ্রেণিকক্ষ সৃজন করবে। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান তিন সদস্য বিশিষ্ট (একজন বহিঃ সদস্যসহ) একটি ক্রয় কমিটি গঠন করে PPA, PPR ও অন্যান্য সরকারি বিধিমালা অনুযায়ী ক্রয়কার্য সম্পন্ন করবে। প্রত্যেক প্রতিষ্ঠানের ক্রয় কমিটির ২ জন সদস্যকে প্রকল্প হতে Online Procurement Training প্রদান করা হবে। সংযুক্ত তালিকাভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রয়োজনীয় তথ্য প্রেরিত MS Excel Sheet এর ছকে (Soft Copy) আগামী ২৪/০৪/২০২৪ তারিখের মধ্যে ([sujanmohid@gmail.com](mailto:sujanmohid@gmail.com)) এই ই-মেইলে জরুরিভিত্তিতে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

বর্ণিত প্রেক্ষাপটে, শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বিচ্ছিন্নভাবে উক্ত তথ্যছক প্রেরণ না করে উপজেলাভিত্তিক একসাথে (Soft Copy) প্রেরণ করতে বিশেষভাবে অনুরোধ করা হলো।

  
(প্রফেসর মো. সাহেদুল কবির- ২১১৪)  
প্রকল্প পরিচালক  
০১৭১৫-০০১৯৩৬

বিতরণঃ

- ০১। আঞ্চলিক পরিচালক (খুলনা অঞ্চল), নিজ আওতাভুক্ত প্রতিষ্ঠানসমূহ মনিটরিঙয়ের অনুরোধসহ।
- ০২। আঞ্চলিক উপপরিচালক (খুলনা অঞ্চল), নিজ আওতাভুক্ত প্রতিষ্ঠানসমূহ মনিটরিঙয়ের অনুরোধসহ।
- ০৩। জেলা শিক্ষা অফিসার (খুলনা অঞ্চল), নিজ আওতাভুক্ত জেলার বিভিন্ন উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানের তথ্যছক সঠিকভাবে পূরণ করে বর্ণিত ইমেইলে প্রেরণ নিশ্চিত করার অনুরোধসহ।